



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ বেতার, ঢাকা
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।

রচয়িতার সকল প্রকার রচনার (অতীত ও ভবিষ্যৎ) প্রচার-স্বত্ব

বাংলাদেশের রাষ্ট্রপতি সমীপে,

এতদ্বারা আমি, নিম্নস্বাক্ষরকারী, আমার এযাবৎ রচিত সকল গান, যা অতঃপর 'উল্লিখিত প্রথম গানসমূহ'রূপে বর্ণিত হয়েছে, তা, বাংলাদেশ বেতারের মাধ্যমে প্রচারের জন্য বাংলাদেশের রাষ্ট্রপতিকে (অতঃপর 'সরকার'রূপে অভিহিত) অধিকার প্রদান করছি এবং আমি ভবিষ্যতে যে সকল গান রচনা করবো, যা নিম্নে 'উল্লিখিত দ্বিতীয় গানসমূহ'রূপে বর্ণিত হয়েছে, তার ক্ষেত্রেও সরকারকে অনুরূপ অধিকার প্রদানে সম্মত আছি। আমি এতদ্বারা নিশ্চয় করে বলছি যে, উল্লিখিত প্রথম গানসমূহের কথার ক্ষেত্রে কেবলমাত্র আমারই প্রচার-স্বত্ব রয়েছে এবং কোন ব্যক্তি, ব্যবসায়-প্রতিষ্ঠান বা কোম্পানীর এতদ্বারা প্রদত্ত/সমর্পিত অধিকারে কোন স্বার্থ নেই; এবং উক্ত গানসমূহ বা তাদের কোনোটার কোন অংশ কোনোভাবেই বিশ্বব্যাপী বিদ্যমান লেখ-স্বত্বের নিয়ম ভংগ করছে না।

২। উল্লিখিত দ্বিতীয় গানসমূহের বিষয়ে আমি অংগীকার করছি যে, প্রচার-স্বত্ব কেবলমাত্র সরকার কর্তৃক সংরক্ষিত থাকবে এবং আমি তা অন্যত্র হস্তান্তর করবো না, এবং আমার কোনো পূর্ব ব্যবস্থার কারণে যদি প্রচারে কোনো প্রকার বিঘ্ন সৃষ্টি হয় তবে তদসংক্রান্ত যে কোনো ক্ষতির দাবী আমি সরকারকে পূরণ করতে বাধ্য থাকবো।

৩। এই চুক্তি-পত্রে 'গান' শব্দটি দ্বারা বাদ্য-যন্ত্র সমভিব্যাহারে অথবা ব্যতিরেকে গীত অথবা আবৃত্তি যে-কোনো শব্দ-বিন্যাস বোঝায়।

৪। আমি সরকার, বাংলাদেশ বেতার এবং তার কর্মকর্তাদের সংগে এই অংগীকারে আবদ্ধ হচ্ছি যে, এতদ্বারা প্রদত্ত নিশ্চয়তা ও অংগীকার ভংগের ফলে উদ্ভূত পরিস্থিতির জন্যে এবং এ ধরনের নিশ্চয়তা বা অংগীকার ভংগের ফলে যদি তাঁদের মামলা-মোকদ্দমার সম্মুখীন হতে হয়, অথবা অন্যের দাবী-দাওয়ায় দরুন তাদের দুর্ভোগ পোহাতে হয়, অথবা কোনো রকম খরচ-পত্র বহন করতে হয়, অথবা যদি পূর্বোল্লিখিত এ ধরনের কোনো কাজ অপর কোনো ব্যক্তির অধিকারে হস্তক্ষেপ করার কারণ হয়, অথবা এতদ্বারা প্রদত্ত/সমর্পিত অধিকার প্রয়োগের ফলে যদি তা অপলেখমূলক বা অপবাদপূর্ণ বা বিতর্কযুক্ত বা এ ধরনের কোনো দোষে দুষ্ট হয়, তবে তার জন্যে আমি তাদেরকে সর্বদা ক্ষতিপূরণ দিতে বাধ্য থাকবো।

৫। আমি বর্তমান চুক্তির প্রেক্ষিতে জানাচ্ছি, নিম্নে বর্ণিত যে অধিকার অর্পনের উদ্দেশ্যে বর্তমান চুক্তি সম্পাদন করা হচ্ছে তার ন্যায্য অধিকার, পূর্ণ ক্ষমতা ও কর্তৃত্ব আমার, এবং সে সম্পর্কে আমি অন্যবিধ কোন ব্যবস্থা গ্রহণ করিনি।

৬। (ক) বাংলাদেশ বেতারের যে কোনো কেন্দ্র থেকে গানগুলো প্রচার করার এবং (খ) গানগুলো প্রচারের জন্য বাংলাদেশ বেতার ছাড়াও অন্য যে কোনো সম্প্রচার-সংস্থায় এগুলোর রেকর্ড করানোর অধিকার বাংলাদেশ বেতারের থাকবে।

৭। সরকারের অনুকূলে এতদ্বারা প্রদত্ত/সমর্পিত অধিকার সম্পর্কে পূর্বাঙ্কে লিখিতভাবে বিজ্ঞপ্তি প্রদান না করে আমি গ্রহীতা/স্বত্ব-নিয়োগীকে গানগুলোর লেখ-স্বত্ব প্রদান/অর্পন না করার সম্মতি প্রদান করছি।

৮। আমি এতদ্বারা ঘোষণা করছি যে, যদি এই চুক্তি সম্পাদনের পূর্বে আমার কোনো গান প্রচারিত হয়ে থাকে এবং এই চুক্তি সম্পাদনকালে তদসংক্রান্ত কোন দাবী-দাওয়া অনিষ্পন্ন অবস্থায় থাকে অথবা চুক্তি সম্পাদনের পরে আমার পক্ষ থেকে সরকারের বিরুদ্ধে তদসংক্রান্ত কোন দাবী-দাওয়া আনিত হয় তবে এই চুক্তি সম্পাদনের দ্বারাই তা বাতিল বলে গণ্য হবে, এবং তাছাড়া, সরকার এতদসম্পর্কিত ৪ ও ৫ সংখ্যক ধারায় বর্ণিত যাবতীয় সুবিধাও লাভ করবেন।

৯। এই চুক্তি স্বাক্ষরিত হওয়ার অব্যবহিত পরে আমি বাংলাদেশ বেতারের.....কেন্দ্রের আঞ্চলিক পরিচালকের নিকট উল্লিখিত প্রথম গানসমূহের প্রত্যেকটির সম্পর্কে তথ্য এতদসংলগ্ন তালিকা আকারে জমা দিতে সম্মতি জ্ঞাপন করছি। তাছাড়া আমি উল্লিখিত দ্বিতীয় গানসমূহের ক্ষেত্রেও অনুরূপ তথ্য এ পর্যায়ে গানসমূহের প্রত্যেকটির রচনার পনের দিনের মধ্যে জমা দিতে সম্মতি জ্ঞাপন করছি।

১০। গানগুলো প্রচার করা হলে আমি নিম্নলিখিত হারে স্বত্ব-মূল্য বা রয়েলিটি গ্রহণে সম্মত আছি:-

(ক) বাংলাদেশ বেতারের যে কোনো কেন্দ্র থেকে প্রতিবার প্রচারের জন্যে.....টাকা, অথবা (খ)..... বছর ধরে বাংলাদেশ বেতারের সকল কেন্দ্র থেকে প্রচারের পূর্ণ অধিকার বাবদ সর্বসাকুল্যে থোক.....টাকা, অথবা (গ) আইন দ্বারা যতখানি অর্পণযোগ্য হয়, লেখ-স্বত্বের পূর্ণ-কালের জন্যে বাংলাদেশ বেতারের সকল কেন্দ্র থেকে প্রচারের ততখানি অধিকারের সম্পূর্ণ অংশ বাবদ সর্বসাকুল্যে থোক.....টাকা।

১১। বাংলাদেশ বেতারের এক বা একাধিক প্রেরক-যন্ত্র থেকে অথবা বাংলাদেশ বেতার ছাড়া অপর কোনো সম্প্রচার-সংস্থা থেকে একটি বিষয় যুগপৎ একবার প্রেরিত হলে তা একটি সম্প্রচাররূপে গণ্য হবে।

তারিখ:

স্বাক্ষর

বাংলাদেশ রাষ্ট্রপতির পক্ষে গৃহীত হলো।

সহকারী পরিচালক/উপ-আঞ্চলিক পরিচালক

পরিচালক

বাংলাদেশ বেতার, ঢাকা
বাংলাদেশ রাষ্ট্রপতির পক্ষে।

বিবরণ

১. রচয়িতার নাম ও স্থায়ী ঠিকানা:.....
.....
.....।

২. গানগুলো কি প্রকাশিত হয়েছে?.....:যদি হয়ে থাকে, অনুগ্রহপূর্বক প্রকাশিত গ্রন্থ-পত্রাদি সংযুক্ত করুন।

৩. গানগুলো কি রেকর্ড করা হয়েছে?.....:যদি হয়ে থাকে, গ্রামোফোন/রেকর্ডিং কোম্পানীর নাম লিখুন।
রেকর্ডগুলোর সংখ্যা দিন।

৪. অনুগ্রহপূর্বক এতদসংঙ্গে গানগুলোর শিরোনাম, প্রথম কলি এবং তাদের পূর্ণ পাঠ প্রদান করুন। গানগুলো প্রকাশিত হয়ে থাকলে প্রকাশিত গ্রন্থ-পত্রাদি ও প্রকাশকের নাম, প্রকাশের বৎসর এবং সংস্করণ সংখ্যা উল্লেখ করুন। এরূপক্ষেত্রে এখানে গানের পূর্ণ পাঠ প্রদানের প্রয়োজন নেই।

৫. আমি একজন সরকারী চাকুরীজীবী/ সরকারী চাকুরীজীবী নই। (টিক চিহ্ন দিন)।

৬. আমি এতদ্বারা ঘোষণা করছি যে পূর্বোক্ত তথ্যসমূহ নির্ভুল।

তারিখ:

স্বাক্ষর